# ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ৪১

## আরবি মূল আয়াত:

وَ اصۡطَنَعۡتُكَ لِنَفۡسِیۡ ﴿ۚ۴۱﴾

## অনুবাদসমূহ:

এবং আমি তোমাকে আমার নিজের জন্য মনোনীত করেছি। — আল-বায়ান

আমি তোমাকে আমার নিজের জন্য তৈরি করেছি। — তাইসিরুল

এবং আমি তোমাকে আমার নিজের জন্য প্রস্তুত করে নিয়েছি। — মুজিবুর রহমান

And I produced you for Myself. — Sahih International

### ৪১. এবং আমি আপনাকে আমার নিজের জন্য প্রস্তুত করে নিয়েছি।(১)

(১) অর্থাৎ আপনাকে আমার ওহী ও রিসালাত বহনের জন্য তৈরী করে নিয়েছি, যাতে আমার ইচ্ছামত সমস্ত কর্মকাণ্ড পরিচালনা করেন। [ইবন কাসীর] যাজ্জাজ বলেন, এর অর্থ, আমার দলীল-প্রমাণাদি প্রতিষ্ঠা করার জন্য আপনাকে আমি পছন্দ করে নিয়েছি। আর আপনাকে আমার ও আমার বান্দাদের মধ্যে ওহী ও রিসালাতের বাহক হিসেবে নির্ধারণ করছি। এতে আপনি তাদের কাছে যখন প্রচার করবেন, তখন যেন সেটা আমিই প্রচার করছি ও আহবান জানাচ্ছি ও দলীল-প্রমাণাদি পেশ করছি। [ফাতহুল কাদীর] এভাবেই মহান আল্লাহ তাঁর বান্দাদের মধ্যে যাদের পছন্দ করেন তাদেরকে নিজের করে তৈরী করেন। যাতে করে পরবর্তী দায়িত্বের জন্য যোগ্য বিবেচিত হন। অন্যত্র বলা হয়েছে, “নিশ্চয় আল্লাহ আদমকে, নূহকে ও ইবরাহীমের বংশধর ও ইমরানের বংশধরকে বিশ্বজগতে মনোনীত করেছেন।” [সূরা আলে-ইমরানঃ ৩৩]

তাফসীরে জাকারিয়া

### (৪১) আমি তোমাকে আমার নিজের জন্য প্রস্তুত করে (মনোনীত করে) নিয়েছি।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2389

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন